



বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
বাগেরহাট।



দূরালোপনী : অফিসঃ ০৪৬৮-৬২৫৮৮

E-mail: raobagerhat@krishibank.org.bd

আনিকাবা/প্রশাসন-৪৫/২০২০-২০২১/২৭(৩)

তারিখ : ২৪/০৯/২০২০ ইং

**বিষয়ঃ জুলাই ২০২০ হতে সেপ্টেম্বর ২০২০ সময়কালের অর্ধবছরের ১ম প্রান্তিকের
গুদাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব সমীর কুমার বাওয়ালী, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাগেরহাট।
তারিখ ও সময় : ২৪ সেপ্টেম্বর ২০২০, বিকাল ৪.২০ ঘটিকা।
স্থান : আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাগেরহাট।
উপস্থিতি : প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়।

সভার শুরুতেই সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে অর্ধবছরের ১ম প্রান্তিকের গুদাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান।

০২। সভার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শেখ সোহরাব হোসেন, কর্মকর্তা এর পরিচালনায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ২০২০-২০২১ অর্ধবছরের ১ম প্রান্তিক সভা অনুষ্ঠিত হয়।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

- ৩.১) সরকারি চাকরি আইন ২০১৮ বাস্তবায়ন, বিকেবি কর্মচারী আচরণ বিধিমালা বাস্তবায়ন করতে হবে।
- ৩.২) প্রধান কার্যালয় হতে সময়ে সময়ে জারিকৃত পরিপত্রসমূহ যথাযথভাবে অনুসরণ ও পরিপালন করতে হবে।
- ৩.৩) যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হওয়া এবং অফিস সময় শেষ হওয়ার পূর্বে কর্মস্থল ত্যাগ না করা নিশ্চিত করতে হবে।
- ৩.৪) করোনাভাইরাস এর প্রাদুর্ভাব এর কারণে চলমান অতিমারি রোধ কল্পে শাখায় যথাযথ স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে হবে।
- ৩.৫) সততা, স্বচ্ছতা ও দ্রুততার সাথে গ্রাহক সেবা নিশ্চিত করতে হবে।
- ৩.৬) বৈদ্যুতিক সরঞ্জামাদি ও মনিহারি দ্রব্যাদি ব্যবহারে পরিমিত প্রদর্শন করতে হবে।
- ৩.৭) শাখার নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণে নিয়োজিত প্রহরী/বেসরকারি নিরাপত্তা প্রহরীদের মধ্যে ছুটির দিনসহ অন্যান্য সময়ের জন্য সুনির্দিষ্টভাবে দায়িত্ব বন্টন করতে হবে।
- ৩.৮) উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ২য় ত্রৈমাসিকের নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।
- ৩.৯) ০৩ নং ত্রৈমিকের সকল সিদ্ধান্ত অত্র কার্যালয় পরিপালনের জন্য অবহিত করতে হবে।

০৪। সভায় আর কোন ও আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বিকেবি মুখ্য আঞ্চলিক কার্যালয়, বাগেরহাট